



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫

: ৯৫৬০০৩১-৩৫/২৫০

E-mail:dgmbcbd@krishibank.org.bd

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।**

নং-প্রকা/শানিব্যাউবি-১(১০২)নির্বাচন/২০১৮-২০১৯/৮৮৯

তারিখ : ২৫-১১-২০১৮ইং

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা  
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ  
সকল শাখা ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ- একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে ঋণ খেলাপী ব্যক্তিগণ জাতীয় সংসদের সদস্য হওয়ার যোগ্য নন বিধায় তাঁরা জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হতে পারেন না।

০২। এতদপ্রেক্ষিতে, আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২৮ নভেম্বর ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার পর মনোনয়নপত্র দাখিলকারীদের নাম, পিতা/মাতা/স্বামীর নাম ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য স্বউদ্যোগে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ এবং প্রয়োজনীয় যাচাই বাছাই শেষে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ করার এবং বাধ্যতামূলকভাবে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক) মনোনয়নপত্র বাছাইয়ের সময় (০২ ডিসেম্বর, ২০১৮) রিটার্নিং অফিসারের দপ্তরে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো। অভিন্ন নথির পত্র নং ৮৮৮ মোতাবেক গঠিত মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কমিটিকে প্রধান কার্যালয় কমিটির নিকট তালিকাসহ তথ্য ২৮ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্যও নির্দেশনা প্রদান করা হলো।

০৩। উল্লিখিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ২২-১১-২০১৮ইং তারিখের বিআরপিডি সার্কুলার নং-২৪ এবং বাংলাদেশ নির্বাচন কমিশনের ১২ নভেম্বর ২০১৮ তারিখের পত্র ও প্রজ্ঞাপন (যথাক্রমে নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৬৫ ও ৬৬৬) এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোঃ শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

ফোন-০২-৯৫৫৪১৬৯

নং-প্রকা/শানিব্যাউবি-১(১০২)এমসি-১৬/২০১৮-২০১৯/৮৮৯

তারিখ : ২৫-১১-২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।

(মোঃ মিজানুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক